

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-

২২৬

তারিখঃ ১৯/০৩/২০২০খ্রিঃ


বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ হ্রাসসহ কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাঠ পর্যায়ের কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, তাঁর জেলাধীন উপজেলাসমূহে বিগত জুন/২০১৯ খ্রিঃ মাসের তুলনায় বর্তমানে (ফেব্রু/২০২০খ্রিঃ) মেয়াদোত্তীর্ণ খেলাপির পরিমাণ অনেক বৃদ্ধি পেয়েছে। এছাড়া দীর্ঘদিনের পুরাতন আদায়যোগ্য মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়ের লক্ষ্যে প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত স্মারক নং- ১৫৭, তারিখ: ২১/০৩/২০১৯ খ্রিঃ এ জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে যথাযথ তদারকীর অভাবে তেমন কোন অগ্রগতি সাধিত হয়নি। তাঁর আওতাধীন উপজেলাসমূহের মেয়াদোত্তীর্ণ খেলাপীর তুলনামূলক বিবরণ নিম্নরূপঃ

(লক্ষ টাকা)

ক্র. নং	উপজেলার নাম	বর্তমান ঋণ স্থিতি	খেলাপি ঋণের পরিমাণ			মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি (ফেব্রু/২০-জুন/২০)
			কিস্তি খেলাপি (ফেব্রু/২০ খ্রিঃ)	মেয়াদোত্তীর্ণ খেলাপি		
				জুন/১৯খ্রিঃ	ফেব্রু/২০ খ্রিঃ	
০১	বাগেরহাট সদর	১৫৪.৩৪	৪১.৪৬	৮.২১	১২.৪৪	৪.২৩
০২	ফকির হাট	১৪৭.৬৬	৪০.৮৪	৮.৯৪	১৬.১৭	৭.২৩
০৩	কচুয়া	১০৯.৫৫	২২.৯৫	৭.৪৮	৯.৭২	২.২৪

এমতাবস্থায় মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধির প্রকৃত কারণ উৎঘাটনপূর্বক খেলাপি হ্রাসে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং দীর্ঘদিনের পুরাতন খেলাপি সদস্যদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়টি তদারকী করার জন্য অনুরোধ করা হলো।


আবদুর রশিদ
পরিচালক (সরেজমিন)
০২-৮১৮০০০৬

উপপরিচালক

বিআরডিবি, বাগেরহাট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. পরিচালক(প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপপরিচালক(প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. কর্মসূচি পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি /গার্ড ফাইল।